WWW.WBCSMADEEASY.IN

BMW(O)/B-I/21

2021

BENGALI

PAPER-I

Time Allowed — 3 Hours

Full Marks - 200

If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

(উত্তর সাধু বা চলিত যেকোনো একটি ভাষারীতিতে হওয়া বাঞ্ছনীয়।)

'ক' বিভাগ

(*যেকোনো একটি* প্রশ্নের উত্তর লিখুন।)

03=4×03

- ১। (ক) ইন্দো-ইউরোপীয় আর্যভাষা থেকে বাংলা ভাষা কীভাবে সৃষ্টি হয়েছে রেখাচিত্রসহ বিশ্লেষণ করুন। প্রসঙ্গত প্রতিটি স্তরের কালসীমা ও সাহিত্যিক নিদর্শন উল্লেখ করুন।
 - (খ) নব্যভারতীয় আর্যভাষার বিভিন্ন স্তরগুলির নাম লিখুন। প্রতিটি স্তরের কালসীমা উল্লেখ করে উপভাষাগুলির উল্লেখ করন। নব্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহযোগে আলোচনা করুন। ১০+১৫+১৫=৫০

'খ' বিভাগ

(*যেকোনো দৃটি* প্রশ্নের উত্তর লিখুন।)

60×5=700

- ২। 'শ্রীকৃষ্ণকীর্তন' থেকে 'অন্নদামঙ্গল' মধ্যযুগের বাংলাসাহিত্যের সর্বত্রই আমরা দেখতে পাই এক ধরনের দেববাদ নির্ভরতা। দেবতা বা দেবী বিষয়ক মঙ্গলকাব্য বা পালাগান রচনার প্রেক্ষাপটে কোনো আর্থ-সামাজিক কারণ কী নিহিত আছে?— যুক্তিসহ আলোচনা করুন।
- ৩। মধ্যযুগের বাংলা সাহিত্যে চৈতন্যজীবনী সাহিত্যের উদ্ভবের কারণগুলি বিশ্লেষণ করুন। আপনার মতে কোন চৈতন্যজীবনীটি সর্বাপেক্ষা শুরুত্বপূর্ণ—যুক্তিসহ আলোচনা করুন।
- ৪। উনবিংশ শতাব্দীতে বাংলা গীতিকবিতা উদ্ভবের কারণগুলি ব্যাখ্যা করে, এই পর্বের গুরুত্বপূর্ণ পাঁচজন গীতিকবির কবি-কৃতিত্বের পরিচয় দিন।
- ৫। রবীন্দ্রনাথ বাংলা ছোটোগল্পের প্রথম সার্থক স্রস্টা এবং অন্যতম শ্রেষ্ঠ স্রস্টা। রবীন্দ্রনাথের বিভিন্ন পর্বের ছোটোগল্পের বৈশিষ্ট্য উল্লেখ করে মন্তব্যটি বিশ্লেষণ করুন।

'গ' বিভাগ

(*যেকোনো একটি* প্রশ্নের উত্তর লিখুন।)

03=6×03

- ৬। বাংলা উপন্যাসের ধারায় ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব আলোচনা করুন।
- ৭। 'বন্দ্যোপাধ্যায় ত্রয়ী' হিসেবে চিহ্নিত হলেও তারাশঙ্কর, বিভূতিভূষণ ও মানিক বন্দ্যোপাধ্যায়ের লিখনশৈলীর মধ্যে আপাত কোনো মিল নেই। প্রত্যেকেই প্রত্যেকের থেকে স্বতন্ত্র। তারাশঙ্কর, বিভূতিভূষণ ও মানিক বন্দ্যোপাধ্যায়ের রচনার সাপেক্ষে মন্তব্যটি বিশ্রেষণ করুন।
- ৮। আধুনিক বাংলা কথাসাহিত্যের ধারায় সমাজসচেতন লেখক হিসেবে আশাপূর্ণা দেবীর কৃতিত্বের মূল্যায়ন করুন।

For Classroom / Online guidance / coaching of WBCS Prelims , Main Exam by experts and officers and Interview by IAS / WBCS Gr A Officers/ Toppers, WBCS Prelims and Main Mock 22685Test (Classroom & Online), Optional Subjects, Studymaterials, Correspondence Course etc. Call WBCSMadeEasy™ at Toll Free no 1800 572 9282 or 8274048710 0r 9674493673 or mail us at mailus@wbcsmadeeasy.in (Our centers as of now-College Street 8585843673, Garia/ HO 8274048710, Siliguri - 9051265991. Medinipur 8274972589)